মেহেরপুরে বেশি দামে সার বিক্রির দায়ে ব্যবসায়ীর জরিমানা

মেহেরপুরে বিএডিসি সার ডিলার মনিরুল ইসলাম এন্ড ব্রাদার্স নামের একটি প্রতিষ্ঠানে অভিযান চালিয়ে বেশি দামে ইউরিয়া ও টিএসপি সার বিক্রির দায়ে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ মঙ্গলবার দুপুরে সদর উপজেলার বামনপাড়ায় এ অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহম্মেদ।

জাতীয় ভোক্তা অধিকার অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহম্মেদ জানান, বামনপাড়ায় বিএডিসি সার ডিলার মেসার্স মনিরুল ইসলাম এন্ড ব্রাদার্স নামক প্রতিষ্ঠানে তদারকিকালে সরকার নির্ধারিত মূল্যের অতিরিক্ত মুল্যে সার বিক্রয়ের প্রমাণ পাওয়া যায়। তাদের গোপন নথিপত্র চেক করে ১১০০ টাকার ইউরিয়া ১২৬০ টাকা ও ১১০০ টাকার টিএসপি সার ১৭৫০ টাকাসহ অন্যান্য সারও বেশি দামে বিক্রয়ের গোপন রশিদ জব্দ করা হয়।

তিনি আরো জানান, নির্ধারিত মূল্যের অধিক মুল্যে সার বিক্রয়ের অপরাধে প্রতিষ্ঠানটিকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৪০ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

এছাড়াও শহরের হোটেল বাজারের বেশ কয়েকটি দোকানে চাউল, তেলসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার তদারকি করা হয় এবং ক্রয় বিক্রয় ভাউচার ও মুল্যতালিকা তদারকি করা হয়। ব্যবসায়ীদের অযৌক্তিক মূল্যবৃদ্ধি ও অতিমুনাফার বিষয়ে সতর্ক করা হয়।

অভিযানে সার্বিক সহযোগিতা করেন জেলা কৃষি বিপণন কর্মকর্তা মোঃ তারিকুল ইসলাম, সদর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মোঃ তরিকুল ইসলাম ও পুলিশ লাইনের একটি টিম।

এ সংক্রান্ত আরো মেহেরপুরে দুই হোটেল ব্যবসায়ীর জরিমানা

আরও ১ কোটি ফাইজার টিকা পেল বাংলাদেশ

যুক্তরাষ্ট্র বাংলাদেশকে আরও এক কোটি ডোজ ফাইজারের করোনা টিকা অনুদান দিয়েছে।

মঙ্গলবার ঢাকায় মার্কিন দূতাবাসের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়েছে— যুক্তরাষ্ট্র বাংলাদেশকে ফাইজারের তৈরি কোভিড-১৯ টিকার আরও এক কোটি ডোজ অনুদান দিয়েছে, যাতে বাংলাদেশ কিশোর ও প্রাপ্তবয়স্ক নাগরিকদের টিকাদান কার্যক্রম অব্যাহতভাবে চালিয়ে যেতে পারে।

এতে আরও বলা হয়, নতুন এই এক কোটি টিকাসহ বাংলাদেশকে যুক্তরাষ্ট্রের সাড়ে ৮ কোটি ডোজেরও বেশি করোনা টিকা অনুদান দিয়েছে। এ ছাড়া ৫১ হাজারেরও বেশি স্বাস্থ্যসেবাদানকারী ও অন্যান্য কর্মীর প্রশিক্ষণ, ১৮টি ফ্রিজার ভ্যান, ৭৫০টি ফ্রিজার ইউনিট ও ৮ হাজার টিকা বহন বাক্স অনুদান এবং প্রত্যন্ত অঞ্চলে ৫ কোটি ৭০ লাখ ডোজ টিকা পরিবহণে সহায়তা করেছে যুক্তরাষ্ট্র।

লিটারে ৭ টাকা কমল পাম তেলের দাম

ডলারের মূল্যবৃদ্ধির কারণ দেখিয়ে সয়াবিন তেলের দাম বাড়ালেও কমেছে পাম তেলের দাম।

পরিশোধন মিলমালিকদের সংগঠন বাংলাদেশ ভেজিটেবল অয়েল রিফাইনার্স অ্যান্ড বনস্পতি ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন মঙ্গলবার পাম তেলের নতুন দামের কথা জানিয়েছে।

মঙ্গলবার থেকেই নতুন এ মূল্যহার কার্যকর হবে বলে অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে চিঠি দিয়ে বাণিজ্য মন্ত্রণালয়কে জানানো হয়েছে।

নতুন সিদ্ধান্তে সয়াবিনের দাম বাড়লেও লিটারে ৭ টাকা কমেছে পাম তেলের দাম। প্রতি লিটার পাম তেল এখন বিক্রি হবে ১৪৫ টাকায়, যা আগে ১৫২ টাকা নির্ধারিত ছিল।

সমিতির সচিব নুরুল ইসলাম মোল্লা বলেন, আন্তর্জাতিক বাজারে তেলের দাম কিছুটা কমলেও ডলারের মূল্যবৃদ্ধির কারণে আমদানি খরচ বেড়ে গেছে। সে কারণে আমরা লিটারে দাম ২০ টাকা করে বাড়ানোর প্রস্তাব করেছিলাম। কিন্তু শেষ পর্যন্ত খোলা সয়াবিন তেল লিটারে ৯ টাকা ও বোতলের সয়াবিন তেল লিটারে ৭ টাকা করে বাড়ানোর সিদ্ধান্ত চূড়ান্ত হয়েছে।

মূল্য বৃদ্ধির ঘোষণা দিয়ে বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশন ও বাণিজ্য মন্ত্রণালয়ে পাঠানো সমিতির চিঠিতে বলা হয়, গত ৩ অক্টোবর সয়াবিন তেলের মূল্য সমন্বয়ের বিষয়ে প্রস্তাব পাঠানো হয়েছিল। সে অনুযায়ী গত ১৭ আগস্ট আলোচনার পর মূল্যবৃদ্ধির এই ঘোষণা দেওয়া হলো। ২৩ আগস্ট থেকে নতুন এই দাম কার্যকর হবে।

গাংনীতে জামাইয়ের হাতে শাশুড়ি খুন (আপডেট)

জামাইয়ের হাত থেকে মেয়েকে রক্ষা করতে গিয়ে জামাইয়ের হাসুয়ার উপর্যুপরি কোপে নিহত হয়েছেন রঙ্গিলা খাতুন (৪৫) নামের এক গৃহবধূ। রঙ্গিলা খাতুন গাংনী উপজেলার করমদি মাঠপাড়া এলাকার শওকত আলীর স্ত্রী।

আজ মঙ্গলবার (২৩ আগষ্ট) বেলা সাড়ে ১১ টার দিকে তার নিজ ঘরে হাসুয়া দিয়ে কুপিয়ে হত্যা করে। এর আগে নিহতের মেয়ে রিনি খাতুনকেও হাসুয়া দিয়ে কুপিয়ে আহত করেন। আহত রিনি বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

স্থানীয়রা জানান, সকালের দিকে পারিবরিক কলহের জের ধরে মাঠপাড়া ঈদগাহ এলাকায় গাছের সাথে রশি দিয়ে গলাই দড়ি দিতে যায়। খবর পেয়ে নিহত রঙ্গিলা ও তার স্ত্রী রিনি খাতুন উদ্ধার করে বাড়ি নিয়ে আসে।

তাকে কেনো বাড়ি নিয়ে আসা হয়েছে এমন কথা বলে আবারো শুরু হয় বাতবিতন্ডা। এক পর্যায়ে হাসুয়া দিয়ে স্ত্রী রিনি খাতুনকে কোপাতে থাকে বাদশা। এসময় শাশুড়ি রঙ্গিলা তার মেয়েকে বাচাতে গেলে তাকে হাসুয়া দিয়ে গলাই এলোপাথাড়ি কুপিয়ে হত্যা করে পালিয়ে যায়।

স্থানীয়রা আরো জানান, বাদশার নামে, চুরি ডাকাতিসহ বিভিন্ন অভিযোগে একাধিক মামলা রয়েছে। সাম্প্রতিক সময়ে সে জেল থেকে জামিনে মুক্ত হয়েছে। বাদশা করমদি গ্রামের শাহবুর পাড়ার রবিউল ইসলামের ছেলে। সে শশুরবাড়ি ঘর জামায় থাকতো।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, নিহতের মরদেহ উদ্ধার করে সুরোতহাল করা হয়েছে। ময়না তদন্তের জন্য মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে নেয়া হচ্ছে।

গাংনীর করমদিতে শাশুড়িকে কুপিয়ে হত্যা করলো জামাই

পারিবারিক বিরোধের জের ধরে মেহেরপুরের গাংনী উপজেলার করমদিতে রঙিলা খাতুন (৪৫) নামের এক মহিলাকে কুপিয়ে হত্যা করেছে জামাতা বাদশাহ।

আজ মঙ্গলবার সকাল সাড়ে ১১টার দিকে করমদি মাঠ পাড়ায় এ ঘটনা ঘটে। এতে রঙিলার মেয়ে রিনি খাতুনও আহত হয়েছে। অভিযুক্ত জামাতা বাদশাহ একই গ্রামের সাহাবুর পাড়ার রবিউল ইসলামের ছেলে।

খবর পেয়ে গাংনী থানা পুলিশের একটি দল সেখানে পৌছে মরদেহ সুরতহাল রিপোর্ট শেষে উদ্ধারের প্রক্রিয়া চালাচ্ছে।

বিস্তারিত আসছে…

প্রতারক কামরুজ্জামানের কাছে থেকে জমি ফিরে পেলেন আরেক ভুক্তভোগী

প্রতারক সেই মীর কামরুজ্জামানের কাছ থেকে ২য় দফায় সরকারি ১০ শতক জমির খারিজ বাতিল করেছেন গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি)। এর মধ্যে সরকারের দখলে ৬ শতক এবং ভ’ক্তভোগী বানুয়ারাকে ৪ শতক জমি বুঝিয়ে দেওয়া হয়েছে।

গতকাল সোমবার বাদি বানুয়ারা খাতুনের অভিযোগের ভিত্তিতে উভয় পক্ষের উপস্থিতিতে শুনানি শেষে এ আদেশ দেন গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম।

গাংনীতে সরকারি ১০ শতকের মধ্যে পোনে ৯ শতক জমিসহ ৩ অসহায়ের জমি নিজ নামে জাল খারিজ করে নেন তেরাইলের মীর কামরুজ্জামান।

গাংনী উপজেলা নির্বাহি কমিশনার (ভূমি) নাজমুল আলম জানান, মীর কামরুজ্জামানের পিতা মীর লুৎফর রহমানকে পোনে ৯ শতক জমি বন্দোবস্ত দেওয়া হয়।

পরে ২০০৫ সালে মীর লুৎফর রহমানের বন্দোবস্ত বাতিল করেন জেলা প্রশাসক স্যার। কিন্তু মীর কামরুজ্জামান ওই বন্দোবস্ত গোপন করে জমি খারিজ করে নেন।

ভুক্তভোগীর লিখিত অভিযোগের প্রেক্ষিতে উভয় পক্ষের শুনানী করা হয়। শুনানি মীর কামরুজ্জামানের কাগজপত্র যাচাই বাছাই করে টেম্পারিংয়ের বিষয়টি স্পষ্ট হয়। এবং সরকারি খাস জমির খারিজ বাতিল করা হয়। এর মধ্যে বন্দোবস্তর ৪ শতক জমি বানুয়ারাকে বুঝিয়ে দেওয়া হয়।

এর আগে গত ১১ আগস্ট বৃহস্পতিবার গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম উভয় পক্ষের উপস্থিতিতে শূনানী শেষে মীর কামরুজ্জামানের খারিজ বাতিল করে অভিযোগকারী ২ জনের তেরাইল

গ্রামের কালুর স্ত্রী রোজিফা খাতুন, রবকুল শাহ্ এর স্ত্রী মারজিয়া খাতুনের দাগ ৪৪৪৮ এবং ৪৪৪৯ জমির খারিজ তাদের বুঝিয়ে দেন।

উল্লেখ্য, মেহেরপুর প্রতিদিন পত্রিকায় মীর কামরুজ্জামানের প্রতারণা নিয়ে সংবাদ প্রকাশ হলে মেহেরপুরের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এস.এম শরিয়ত উল্লাহ বিষয়টি আমলে নিয়ে স্বপ্রনোদিত মামলা করেন।

মামলায় পিবিআই কুষ্টিয়াকে তদন্তের নির্দেশ দেওয়া হয়। এর অংশ হিসেবে ভুক্তভোগীদের অভিযোগের প্রেক্ষিতে মীর কামরুজ্জামানের খারিজ বাতিল করে তিন জনকে তাদের জমি বুঝিয়ে দেওয়া হয়।

রোটারি ক্লাব অব কুষ্টিয়ার বোর্ড মিটিং অনুষ্ঠিত

রোটারি ক্লাব অব কুষ্টিয়ার বোর্ড মিটিং অনুষ্ঠিত হয়েছে। সোমবার সন্ধ্যায় শহরের খেয়া রেস্তোরাঁয় অনুষ্ঠিত বোর্ড মিটিং এ সভাপতিত্ব করেন রোটারি ক্লাব অব কুষ্টিয়ার রোটারিয়ান কামারুল আরেফিন।

রোটারি ক্লাব অব কুষ্টিয়ার নতুন কমিটির অভিষেক অনুষ্ঠান সফল করতে মিটিং এ সিদ্ধান্ত গৃহীত হয়। অনুষ্ঠানের আয়োজন কমিটি এবং সম্ভাব্য অনুষ্টানমালা নিয়ে বিশদ আলোচনা করেন।

এসময় রোটারিয়ান কামারুল আরেফিন বলেন, রোটারি ক্লাবের আর্ত মানবতার সেবায় সর্বদা নিয়োজিত। মানবিক এসব গৃহীত কর্মকান্ডের সাথে সামাজিক দায়বদ্ধতার সঙ্গে মিল রয়েছে এই ক্লাবের। এসময় তিনি রোটারিয়ান সদস্যরা গরীর ও আর্তপীড়িতদের সেবায় নিবেদিত থাকার প্রত্যয় ব্যক্ত করেন।

মিটিং এ রোটারি ক্লাব অব কুষ্টিয়ার সেক্রেটারি জেনারেল তুষার রতন,বিদায়ী কমিটির সেক্রেটারি জেনারেল জাহিদুল ইসলাম রনি, রোটারিয়ান সৈয়দা হাবিবা, আকরাম হোসেন বাবু, আকাম উদ্দিন, আশরাফ

উদ্দিন নজু, ফরহাদ আলী খান, ফকরুল আলম মিলন,ওবায়দুর রহমান, সহ ক্লাবের বিভিন্ন পর্যায়ের সদস্য ও রোটারিয়ানরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গা’র নবাগত পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের যোগদান

চুয়াডাঙ্গা জেলায় নবাগত পুলিশ সুপার আবদুল্লা আল মামুন যোগদান করেছেন। সোমবার বিকাল ৪টার দিকে পুলিশ সুপার কার্যলয়ে তাকে ফুল দিয়ে বরন করে নেন সহকর্মীরা।

তিনি ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারের সন্তান। তিনি বাংলাদেশ পুলিশে ২৫-তম বিসিএস (পুলিশ) ক্যাডারে যোগদান করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ইংরেজি সাহিত্যে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন।

নবাগত পুলিশ সুপার তার চাকুরিকালে নোয়াখালী জেলা, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, কুমিল্লা জেলা এবং সর্বশেষে গাজীপুর মেট্রোপলিটন পুলিশে সুনাম ও দক্ষতার সাথে দায়িত্ব পালন করেছেন।

কাঙ্খিত জনবান্ধন চুয়াডাঙ্গা গড়তে নবাগত পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন জেলার সকল রাজনৈতিক, সামাজিক সংগঠনসহ সাংবাদিক, সুশীল সমাজ, ধর্মীয় নেতৃবৃন্দ ও সম্মানিত নাগরিকবৃন্দের সকলের সহযোগিতা কামনা করেছেন।

ইতোমধ্যেই জেলা পুলিশ, চুয়াডাঙ্গা জেলার সকল সকল সদস্য স্বতঃস্ফূর্তভাবে সদ্য যোগদানকৃত পুলিশ সুপার মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জানিয়েছেন।

আব্দুল্লাহ আল-মামুন বিদায়ী পুলিশ সুপার জনাব মোঃ জাহিদুল ইসলাম, বিপিএম-সেবা এর স্থলাভিষিক্ত হলেন। তিনি সিআইডি, ঢাকায় পুলিশ সুপার হিসেবে বদলি হয়েছেন।

শুভেচ্ছাক্ষণে উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ আবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল), আনিসুজ্জামান, সহকারি পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) মুন্না বিশ্বাস। সকল থানার অফিসার ইনচার্জ, ডিআইও-১, আরআই, টিআই সহ জেলা পুলিশের সকল পদমর্যাদার অফিসার-ফোর্সগণ।

৭ দফা দাবিতে কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপির লিফলেট বিতরন

৭ দফা দাবিতে শহরে লিফলেট বিতরন করেছেন কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপি। সোমবার বিকালে এ লিফলেট বিতরন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, সাধারণ সম্পাদক লিয়াকত হোসেন, সহসভাপতি সাইফুর রহমান কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল, সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগাঠনিক সম্পাদক মির্জা টিপু,উপজেলা যুব দলের আহবায়ক আশরাফুজ্জামান খান মুকুল।

পরে ৭ দফা দাবি সম্বলিত লিফলেট শহরের মানুষের মাঝে বিতরণ করেন নেতা-কর্মীরা। ৭ দফার মধ্যে রয়েছে জ্বালানি তেলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি, পরিবহনের ভাড়াসহ সকল মূল্য বৃদ্ধি, বিদ্যুৎতের অসহানীয় লোডশেডিং ও স্যারের মূল্য বৃদ্ধি, ভোলায় পুলিশ কর্তৃক গুলি করে ছাত্র দল নেতা নুরে আলম ও স্বেচ্ছাসেবক দল নেতা আব্দুর রহিম হত্যার প্রতিবাদ,দেশনেত্রী বেগম খালেদা জিয়ার মুক্তি, দেশনায়ক তারেক রহমান কে বিনা বাধায় স্বদেশে প্রত্যবর্তন, তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুনঃ প্রতিষ্ঠা দাবি অন্যতম।

অন্যদিকে কোটচাঁদপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নে আগমী ২৪ তারিখের বিক্ষোভ সমাবেশ সফল করার লক্ষ্যে প্রস্তুতি সভা করা হয়।

জীবননগরে ভোক্তা অধিকারের অভিযানে তিন প্রতিষ্ঠানকে জরিমানা

চুয়াডাঙ্গার জীবননগরে অধিক মূল্যে চাল বিক্রি করায় একটি পাইকারি আড়তে এবং যথাযথভাবে মূল্যতালিকা প্রদর্শন না করায় দু’টি অটোরাইচ মিলে জরিমানা করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

সোমবার বিকেল সাড়ে ৩টার সময় জীবননগর উপজেলার পৃথক স্থানে অভিযান চালিয়ে ওই তিন প্রতিষ্ঠানকে ১ লাখ ৭০ হাজার টাকা জরিমানা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ।

অভিযান সূত্রে জানা গেছে, জীবননগর পৌর শহরের মেসার্স একতা ট্রেডার্স নামক চালের পাইকারি আড়তে অভিযান চালানো হয়। এ সময় চালের ক্রয়-বিক্রয়ের ভাউচার সংরক্ষণ না করা এবং অতিরিক্ত মূল্যে চাল বিক্রির প্রমাণ পাওয়ায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ অনুযায়ী ৪০ হাজার টাকা জরিমানা করা হয়।

অপরদিকে মেসার্স দেশ বাংলা অটোরাইচ মিলে পুর্বে সতর্ক করা সত্ত্বেও প্লাস্টিকের বস্তায় ভারতীয় ব্র্যান্ড নকল করে চাল বাজারজাত করণ এবং যথাযথভাবে মুল্যতালিকা প্রদর্শন না করায় ৬০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। এছাড়া একই অপরাধে মেসার্স সততা অটোরাইচ মিলকে ৭০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

অভিযানে সার্বিক সহযোগিতা করেন জীবননগর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মো. আনিসুর রহমান এবং জীবননগর থানা পুলিশের একটি দল।

জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলে জানান জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ।